

মেধাবী ছাত্র পুল গঠিত হবে : শাহ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, সরকার শীগগীরই মেধাবী ছাত্রদের একটি ভূক্তার গঠনের পরিকল্পনা করছেন। দেশের কল্যাণে ছাত্রদের আরও ভালভাবে কাজে লাগানোর জন্যই সবসময়ের মেধাবী ছাত্রদের এই ভূক্তার (পুল) গঠন করা হবে।

বাসস ও এনা পরিবেশিত এ খবরে প্রকাশ, প্রধানমন্ত্রী রেববার সকালে ঢাকায় রোসডোর্সিয়াল মডেল স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার দেশের সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে

মেধাবী ছাত্রদের সব সময় উৎসাহ যোগাবেন এবং তাদের যথেষ্ট আর্থিক সহায়তা দেবেন। তিনি আরও বলেন, সরকার দেশে মেয়েদের জন্য আবাসিক স্কুল প্রতিষ্ঠার পরিকল্পনাও করছেন।

শিক্ষা জীবনে শৃঙ্খলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে শাহ আজিজুর মন্তব্য করেন, যারা শৃঙ্খলা বজায় রাখতে পারে তাদের পক্ষে ভবিষ্যতে প্রতিষ্ঠা অর্জন সম্ভব। আবাসিক মডেল স্কুলের ছাত্রদের শৃঙ্খল জীবন যাত্রা এবং পরীক্ষায় সফলের জন্য প্রধানমন্ত্রী তাদের ধন্যবাদ জানান।

তিনি বলেন, প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সরকার দেশে শিশুদের কল্যাণ সাধনে অসীকারাবদ্ধ। এদিক থেকে শিশু এক ডেমী গঠন একটি দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি বলেন, শিশুদের যথেষ্ট শিক্ষা দানের একটি ব্যাপক পরিকল্পনা সরকারের হাতে রয়েছে এবং শীগগীরই তা বাস্তবায়িত হবে।

প্রধানমন্ত্রী জানান, মেধাবী ছাত্রদের পসন্দাবিত ভান্ডারের লক্ষ্য হচ্ছে, বিভিন্ন ক্ষেত্রে ফলপ্রসূভাবে দেশের ভবিষ্যৎ নেতৃত্ব প্রদানে মেধাবী ছাত্রদের সহায়তা করা। তাদের বিশেষ বার্ষিক সব রকম সুযোগ-সুবিধা দেয়া হবে।

তিনি দেশে আবাসিক মডেল স্কুলের মত আরও স্কুল প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ওপরেও জোর দেন। তিনি আবাসিক মডেল স্কুলের প্রশা-
(শেষ পৃষ্ঠা ১-এর কলাম ২)

মেধাবী ছাত্র

(শেষ পৃষ্ঠা পর)
সমস্ত বিবিধকে গণতান্ত্রিক করার আহ্বান জানান, যাতে দরিদ্র ছাত্ররাও এ স্কুলে পড়ার সুযোগ পায়।

প্রধানমন্ত্রী বলেন, দেশের শিশুদের কল্যাণ সাধনের লক্ষ্যে সরকার কয়েকটি কার্যক্রম হাতে নিয়েছেন। এ প্রসঙ্গে তিনি পল্লী এলাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে শিশুকল্যাণ কেন্দ্র ও শিশু পুক নির্মাণের কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে আবাসিক মডেল স্কুলের অধ্যক্ষ জনৈক জিয়াউদ্দিন আহমদও বক্তৃতা করেন। তিনি ছাত্রদের কয়েকটি অভিভাবক ও শৃঙ্খলার সমন্বয় স্কুলের বার্ষিক রিপোর্টে পাঠ করেন।

এস অংশে ছাত্র এক আকর্ষণীয় কটক ওয়াজ ও শারীরিক কসরং প্রদর্শন করে।

পরে প্রধানমন্ত্রী স্কুলের বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী এবং কতী ছাত্রদের মাধ্যমে পুরস্কার বিতরণ করেন।